# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 15 April, 2025

শাপলা চত্বরে হেফাজতের সমাবেশে গণহত্যায় উসকানি দেওয়ার ঘটনায় ৭১ টেলিভিশন ও মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামালসহ ২ জনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ দাখিল করা হয়েছে।অপর আসামি হলেন, ৭১ টেলিভিশনের ব্যবস্থাপনা পরিচালক তানভীর মোস্তফা।

মঙ্গলবার (১৫ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় হেফাজতে ইসলামের নেতা মুশফিকুর রহমান এ অভিযোগ দাখিল করেন।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন, ১৯৭৩ এর ৩(২) ও ৪(১)/৪(২) ধারা অনুযায়ী গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগ দায়ের করা হয়েছে।

আসামিদের বিরুদ্ধে শাপলা চত্বরের হত্যাকাণ্ডে প্ররোচনা, উসকানি, পরিকল্পনা ও অর্থায়নে তৎকালীন ফ্যাসিস্ট শেখ হাসিনা সরকারকে সহযোগিতা ও সমর্থনের অভিযোগ করা হয়েছে। হেফাজতে ইসলাম তথা তওহীদি আন্দোলনকারীদের সমূলে বা আংশিক নির্মূল করার উদ্দেশ্যে দেশীয় ও আগ্নেয়াস্ত্র দ্বারা নির্বিচারে গুলিবর্ষণ করে সাধারণ নিরীহ নিরস্ত্র হেফাজতে ইসলামের নেতা-কর্মীদের হত্যা, নির্যাতন, আটক, গুম করার মাধ্যমে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধ সংঘটনের অভিযোগ আনা হয়েছে।

গণহত্যা হেফাজত ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:15

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/878776814